দৈনিক খবর

তারিখ 01 SEP 1992
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ...

৩৩

### পরিবেশ অস্বচ্ছ তবু পরীক্ষা ও ক্লাস চলবে

# রোববার ক্যাম্পাসে নিহত ব্যক্তি প্রাক্তন ছাত্র

গত রোববার সন্ধ্যা সাড়ে ৬টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম মনিরুজ্জামান মিয়ার সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের ডীন, আবাসিক হলসমূহের প্রভোস্ট, সিন্ডিকেটের শিক্ষক প্রতিনিধি, প্রক্টর ও সহকারী প্রক্টরদের এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। এ সভায় ঐ দিন ক্যাম্পাসে সংঘটিত গোলাগুলী বিনিময়ের ঘটনাবলী পর্যালোচনা করা হয়। বিভিন্ন সূত্র থেকে প্রাপ্ত তথ্য থেকে যতটুকু জানা যায় তাতে এরূপ মনে হয় যে, একটি সংগঠনের কয়েকজন ছাত্রের বিশেষ ব্যবস্থাধীনে পরীক্ষা দেয়ার আবেদন কর্তৃপক্ষ গ্রহণ না করায় তারা পরীক্ষা বানচাল করার উদ্দেশ্যে বেলা দেড়টায় যে পরীক্ষাটি আরম্ভ হওয়ার কথা ছিল তার মিনিট ১৫ আগে কলাভবনের অভ্যন্তরে কিছু গুলী ও বোমাবাজি করে। প্রায় একই সময়ে অপর একটি ছাত্র সংগঠনের অভ্যন্তরীণ দ্বন্দ্বের জের হিসেবে দু'টি উপদলের মধ্যে গোলাগুলী বিনিময়ের ঘটনা ঘটে। এ ঘটনায় খুব সম্ভবতঃ অন্ততঃ ৪ জন ছাত্রসহ ৫ জন আহত হয় এবং একজন প্রাক্তন ছাত্র নিহত হয়। গোলাগুলী বিনিময়ের ঘটনাবলীর পরবর্তী পর্যায়ে পুলিশ সূর্যসেন হল এবং কবি জসীমউদ্দিন হলে তল্লাশী চালায়, যদিও সেখান থেকে কোন অস্ত্র উদ্ধার হয়নি বা কাউকে গ্রেফতার করা হয়নি। তবে লক্ষণীয় যে, পরীক্ষা কক্ষে সকল ছাত্র-ছাত্রী পরীক্ষা দিতে উপস্থিত হয় এবং পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়। বিশদ আলোচনার পর সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

নিহত প্রাক্তন ছাত্রটির জন্য এ সভা শোক প্রকাশ করছে এবং তার আত্মীয়-স্বজনদের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে। একই সাথে, আহত ছাত্রবৃন্দ, যাদের পরিচয় এখনো স্পষ্ট নয়, তাদের আশু আরোগ্য কামনা করছে।

যদি বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক পরিবেশ কিছুটা অস্বচ্ছ তবু ও যেহেতু ছাত্র-ছাত্রীরা ক্লাস এবং পরীক্ষা অনুষ্ঠানে আগ্রহী সেহেতু ক্লাস এবং পরীক্ষাসমূহ নিয়মিত অনুষ্ঠিত হবে।

আবাসিক হলের প্রভোস্টদের সাথে উপাচার্য গত শনিবার এবং রোববারের আলোচনার আলোকে তাঁরা হলসমূহে আইন-শৃংখলা পরিস্থিতির যাতে অবনতি না ঘটে সেদিকে সতর্ক দৃষ্টি রাখবেন।

অপর এক প্রস্তাবে বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি যাতে স্বাভাবিক থাকে এবং ক্লাস ও পরীক্ষাসমূহ নিয়মতভাবে অনুষ্ঠিত হতে পারে সেজন্য আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীকে আরো সতর্ক ও কঠোরতা অবলম্বন করতে আহবান জানানো হয়েছে।